# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭৮১

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫২. কুরআন অধ্যয়নের সওয়াব

بَاب ثَوَابِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ بَشِيرِ بْنِ مُهَاجِرٍ، عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " يَجِيءُ الْقُرْآنُ يَوْمَ الْقِيَامَةِ كَالرَّجُلِ الشَّاحِبِ فَيَقُولُ أَنَا الَّذِي أَسْهَرْتُ لَيْلَكَ وَأَظْمَأْتُ نَهَارَكَ " .

বাংলা

৩/৩৭৮১। ইবনে বুরায়দা (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের দিন কুরআন পর্যুদস্ত লোকের অবয়বে উপস্থিত হয়ে বলবে, আমিই তোমাকে রাতে বিনিদ্র করেছি এবং দিনে পিপাসার্ত করেছি।

## English

It was narrated from Ibn Buraidah that his father told that the Messenger of Allah(ﷺ) said:
"The Quran will come on the Day of Resurrection, like a pale man, and will say: 'I am the one that kept you awake at night and made you thirsty during the day."

ফুটনোট

দারেমী ৩৩৯১, তাখরীজু শারহুল আকিদাতুত তাহাবিয়্যাহ ৫৯, যইফ আল-জামি ৬৪১৭। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী বাশীর বিন মুহাজির সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা হলেও তা দলীলযোগ্য নয়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস গ্রহনে শিথিল, তার ব্যাপারে মুরজিয়া মতাবলম্বী হওয়ার অভিযোগ রয়েছে। (তাহযীবুল

কামালঃ রাবী নং ৭২৭, ৪/১৭৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন